মেহেরপুরে তামাক চাষিদের কার্ড বাতিলের প্রতিবাদে মানববন্ধন

মেহেরপুরে ব্রিটিশ আমেরিকান টোব্যাকো (বিএটি) এর রিজিউনাল লিফ ম্যানেজার হাসিবুর রহমান, এরিয়া লিফ ম্যানেজার সাইফুল ইসলাম, সহকারী লিফ ম্যানেজার কামরুজ্জামান তুহিন, এফটি মোজাম্মেল হকের বিরুদ্ধে আবারও মানববন্ধন করেছেন মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নে কাংলীগাংনী গ্রামের কার্ড বঞ্চিত তামাক চাষিরা।

গতকাল রবিবার বিকেলে কালিগাংনী তিন রাস্তা মোড়ে ভুক্তভোগী তামাক চাষিরা মানববন্ধন কর্মসূচি পালন করেন।

কালিগাংনী গ্রামের ক্ষতিগ্রস্ত তামাক চাষি মানিক মিয়ার নেতৃত্বে মানববন্ধনে অংশগ্রহণকারীরা জানান, গত মৌসুমে মেহেরপুর জেলার প্রকৃত কৃষকদের তামাক না নিয়ে ব্যবসায়ীদের নিকট থেকে তামাক ক্রয় করেছেন। দালালদের মাধ্যমে অন্য জেলার বড় বড় তামাক ব্যবসায়ীদেও নিকট থেকে কেজিপ্রতি কমিশন নিয়ে নিম্নমানের তামাক ক্রয় করায় প্রকৃত চাষিরা ন্যয্যমুল্য থেকে বঞ্চিত হয় এবং চাষীরা প্রতিবাদ করেন। মুল্য বঞ্চিত তামাক চাষিরা প্রতিবাদ করার এ ঘটনায় ক্ষিপ্ত হয়ে ব্রিটিশ আমেরিকান টোব্যাকো (বিএটি)র দেয়া কালিগাংনী নওপাড়ার গ্রামের লিফ রিজনের প্রায় ৪৫ জন তামাক চাষীর তামাক বিক্রির কার্ড বাতিল করেন। প্রকৃত কৃষকের কার্ড বাতিল করার অভিযোগ তোলেন মানববন্ধনকারীরা।

বাতিলকৃত কার্ড পুনরায় ফেরত দেয়ার দাবী তুলে তামাক চাষি জাকির হোসেন বনেল, আমি প্রায় ১৫ বছর ধরে তামাক চাষ করি। প্রথমে আমি কোম্পানীর সব শর্ত পুরুন করায় আমাকে ২ একরের কার্ড দেন বিএটি। পরে আমি আরও আবাদ বৃদ্ধি করলে ৩ একরের কার্ড দেয়। গেল বছর কোম্পানি আমাকে উন্নতমানের তামাত পুড়ানোর ঘর নির্মাণ করতে বল্লে দেড় লক্ষ টাকা খরচ করে ঘর নির্মান করেছি। অথচ আমাকে কিছু না জানিয়ে আমার কার্ড বাতিল করেছে। আমার সব টাকা লোকসান। কার্ড ফেরত না দিলে আদালতে মামলা করবেন বলেও জানান এই তামাক চাষি।

তামাক চাষি রমজান আলী জানান, আমি কোম্পানির সব নিয়ম মেনে আবাদ করেছি। কিন্তু এবার আমার কার্ড বাতিল করেছে। আমি এর প্রতিবাদে মানববন্ধনে দাঁড়িয়েছি।

সেই সাথে ব্রিটিশ টোব্যাকো কোম্পানির ডিভিশনাল কর্মকর্তা আসিফ সাহেবের কাছে বিচার দাবী করেছেন ।
ব্রিটিশ টোব্যাকো কোম্পানির রিজনের প্রবীণ তামাক চাষী মানিক বলেন, তামাক বিক্রয়ের কার্ড প্রতিহিংসা পরায়ন হয়ে বাতিল করার প্রতিবাদে আমাদের এই মানববন্ধন কর্মসৃচি। উপরোক্ত কর্মকর্তার দ্বারা আমরা কৃষকরা লাঞ্ছিত হয়েছি।

কিছু অসাধু ব্যবসায়ীরা উপরোক্ত কর্মকর্তাদের সাথে জড়িত থাকায় আমরা কৃষকরা ক্ষতিগ্রস্থ হয়েছি।
প্রকৃত কৃষকদের কার্ড কেটে দেওয়ার বিষয়টি তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়ার দাবি করছি। একই সাথে আমাদের কার্ড তালিকাভুক্ত করার দাবী জানাচ্ছি।

মানববন্ধনে উপস্থিত ছিলেন, কালি গাংনী গ্রামের লিফ রিজনের তামাক চাষী রমজান আলী,আখের আলী, সাকের আলী, ইমারুল ইসলাম, সোহেল হোসেন, রিপন আলী, জিয়ারুল ইসলাম, পিকলু, আশরাফুল ইসলাম, আলামিন হোসেনসহ অনেকে।

এ ব্যাপারে মেহেরপুর ব্রিটিশ টোব্যাকো কোম্পানির (আর এম) হাসিবুর রহমানের সাথে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তিনি মোবাইল ফোন রিসিভ না করায় মন্তব্য লেখা সম্ভব হয়নি।